গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮- ২৫৫

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৫
১৯ জুলাই ২০১৮

**বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮ জুলাই, ২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত "ছকে" তথ্যসহ আগামী ০১-০৮-২০১৮ খ্রি: তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি এবং সফট কপি পেনড্রাইভে (Nikosh font ১৩ সাইজে) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :সভার কার্যবিবরণী।

১৯.০৭.১৮
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন:+৮৮০ ৪৭১২৪৩৫৯
admin3@ssd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব ................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৪। যুগ্মসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। উপসচিব ................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব .................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা-১-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ।
১২। সহকারী সচিব................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

# সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের জুন ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময়ঃ | ০৮ জুলাই ২০১৮, বেলা ১১.০০ টায় |
| স্থানঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মে' ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ১ | গত সভার (মে, ২০১৮) কার্যবিবরণী নিশ্চিতকরণ | মে, ২০১৮ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। | |

| নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.১ | **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :** | |
| | **ই- টেন্ডারিং:**<br>**সুরক্ষা সেবা বিভাগ :**<br>• OTM পদ্ধতিতে ৪টি প্যাকেজের মধ্যে ডেক্সটপ কম্পিউটার, প্রিন্টার, টোনার ও স্ক্যানার ক্রয়ের প্যাকেজ ২টির কার্যক্রম সফলভাবে সম্পন্ন করে বিল পরিশোধ করা হয়েছে।<br>• RFQ পদ্ধতিতে প্রিন্টার এর ০১টি প্যাকেজ, প্রিন্টার ও ফটোকপিয়ার টোনার ক্রয়ের ০১টি প্যাকেজ, Office stationary এর ০২টি প্যাকেজ এবং আসবাবপত্র(টেবিলের) ০১টি প্যাকেজ সর্বমোট ০৫টি প্যাকেজের ক্রয় কার্যক্রম সম্পন্ন করে বিল পরিশোধ করা হয়েছে।<br>**বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তর:** ১৪-০৪-২০১৮ খ্রিঃ তারিখে ০১টি (Procurement of 60TB Capacity Up Gradation of Existing 3 PAR storage for Data & Disaster Recovery Centre)।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:** বিভিন্ন ধরনের পণ্য/কার্য সম্পাদনের লক্ষ্যে ই-জিপির মাধ্যমে ০৯টি দরপত্র আহবান করা হয়েছে। আহবানকৃত দরপত্রের সবগুলো মূল্যায়ন করে সফল দরপত্র প্রতিষ্ঠানের অনুকুলে কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যাদেশ মোতাবেক সকল প্রতিষ্ঠান নিজ নিজ কার্যসম্পাদন করেছে। জুন/২০১৮ মাসে ক্রয়কৃত মোট পণ্যের মুল্যের ৯৯% ক্রয় ইজিপিতে করা হয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল :** জুন-১৮ পর্যন্ত ই-জিপি পদ্ধতিতে ১৯টি পণ্য/প্যাকেজ ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে। | • জুন ২০১৮ এর মধ্যে সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পন্ন করা;<br>• সুরক্ষা সেবা বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তরে শতভাগ ক্রয় ই-টেন্ডারিং এ সম্পন্ন করা;<br>• কত তারিখ থেকে ইজিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে তা উল্লেখপূর্বক কতটি ক্রয় ইজিপিতে সম্পন্ন করা হয়েছে তার সংখ্যা ভিত্তিক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করা।<br>• উইং প্রধানগণ কর্তৃক সংশ্লিষ্ট অধিদপ্তরে ই-টেন্ডারিং এর মাধ্যমে শতভাগ ক্রয়ের বিষয়টি follow up করা;<br>• প্রশাসন ও অর্থ বিভাগ কর্তৃক এ বিভাগের ক্রয় ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের বিষয়টি নিশ্চিত করা;<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ। |

| | | |
|---|---|---|
| | **কারা অধিদপ্তর:** ১১ এপ্রিল'২০১৭ খ্রিঃ হতে ই-জিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হয়েছে এবং জুন ২০১৮ পর্যন্ত ২৫টি প্যাকেজের মধ্যে ২০টি প্যাকেজ ই-জিপির মাধ্যমে সম্পন্ন হয়েছে, যা-শতকরা হিসাবে মোট ক্রয়ের ৮০ ভাগ। ২০১৮-২০১৯ অর্থ বছরে কারা হাসপাতালের চাহিদা মোতাবেক(জুন/১৮ মাসে) ঔষধের ০৫(পাঁচ)টি প্যাকেজ ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়া চলমান (Contract Award প্রদান করা হয়েছে) রয়েছে। | |
| ২.২ | **বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ**<br>• গত ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে এবং সর্বশেষ গত ৫ এপ্রিল, ২০১৮ তারিখে অঞ্চলভিত্তিক চুক্তি স্বাক্ষরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় তাগিদ দেয়া হয়। সর্বশেষ ১০ মে, ২০১৮ খ্রি: তারিখে পুনরায় পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে।<br>**বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ**<br>• গত ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে এবং সর্বশেষ গত ৫ এপ্রিল, ২০১৮ তারিখে অঞ্চল ভিত্তিক চুক্তি স্বাক্ষরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে পুনরায় তাগিদ দেয়া হয়। সর্বশেষ ১০ মে, ২০১৮ খ্রি: তারিখে পুনরায় পররাষ্ট্র মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়েছে।<br>**জেল কোড সংশোধন :**<br>• কারা অধিদপ্তর ১০টি অধ্যায়ে ১৫২টি ধারা সন্নিবেশন করে নতুন কারা আইনের প্রাথমিক খসড়া তৈরি করেছে। প্রাথমিক খসড়ার ১৫২টি ধারার মধ্যে অদ্যাবধি ১০০ ধারা পর্যন্ত উপকমিটি কর্তৃক পর্যালোচনা সম্পন্ন হয়েছে। গত ২৭ ও ২৮ জুন ২০১৮ তারিখে খসড়া পর্যালোচনার পরবর্তী সভা অনুষ্ঠিত হয়েছে। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের নিকট থেকে ভেটিংকৃত আইনের খসড়া পাওয়া মাত্র তা সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ সভায় উপস্থাপন করা হবে।<br>**বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং আছে।**<br>**নাগরিকত্ব আইন, ২০১৫:** | • পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক নিরবচ্ছিন্ন যোগাযোগ সত্ত্বেও দীর্ঘদিনেও চুক্তিদ্বয় স্বাক্ষরিত না হওয়ায় এ বিষয়ের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে একটি সভা আয়োজনের ব্যবস্থা করা।<br>বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান(নিরাপত্তা ও বহিরাগমন)।<br>• উপকমিটি কর্তৃক আইন ও বিধির ধারাসমূহ দ্রুত চূড়ান্ত করা।<br>বাস্তবায়নে : কারা অনুবিভাগ।<br>আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত ভেটিং কার্যক্রম সম্পন্ন করার ব্যবস্থা করা;<br>বাস্তবায়নে :অনুবিভাগ বিভাগ প্রধান(কারা অনুবিভাগ)। |
| ২.৩ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** | |
| | **সুরক্ষা সেবা বিভাগঃ**<br>• ১০-০৬-২০১৮ খ্রিঃ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সচিবের সাথে আওতাধীন দপ্তর প্রধানগণের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।<br>**বহিরাগমন ও পাসপোট অধিদপ্তরঃ**<br>• ১৮-০৬-২০১৮ খ্রিঃ তারিখ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিসসমূহের সঙ্গে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।<br>**ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ**<br>• ১৯-০৬-২০১৮ তারিখে মহাপরিচালকের সাথে বিভাগীয় পর্যায়ের উপপরিচালগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। | • বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে নিয়মিত সভা করা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন Follow Up-এ রাখা;<br>• বার্ষির্ক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নের ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে যথাযথভাবে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করা;<br>বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/অধিদপ্তর প্রধানগণ। |

**কারা অধিদপ্তরঃ**

- ১৯-৬-২০১৮খ্রিঃ তারিখে বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকগণের সাথে কারা মহাপরিদর্শক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন হয়েছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ**

- ২০-৬-২০১৮খ্রিঃ তারিখে বিভাগীয় কর্মকর্তাগণের সাথে মহাপরিচালক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- অধিদপ্তর প্রধানগণ জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

২.৪ **সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পুরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি:**

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৬৬ | ৯৪ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১১৬৪ | ১০৭৬ | ৮৮ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭১২ | ১১৭৪ | ৫৩৮ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯২০৩ | ৭৭১৮ | ১৪৮৫ |
| কারা অধিদপ্তর : | ১২১৭৩ | ৯৭৩৪ | ২৪৩৯ |

- অধিদপ্তরসমূহের শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- শূন্য পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করার পরপরই নিয়োগবিধি মোতাবেক দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা;
- এ পর্যন্ত অধিদপ্তরওয়ারী ছাড়পত্রকৃত পদসংখ্যা, কত তারিখে ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং ছাড়পত্রের বিপরীতে নিয়োগকৃত কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা উল্লেখপূর্বক তা আগামী মাসিক সমন্বয় সভায় ছকে উপস্থাপন করা;
- অধিদপ্তরসমূহের যে সকল শূন্য পদ পিএসসি'র মাধ্যমে পূরণযোগ্য সে সকল পদে ৩৭তম বিসিএস হতে কর্মকর্তা মনোনয়নের জন্য অধিযাচন প্রেরণ নিশ্চিত করা এবং ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যে সকল শূন্য পদে নিয়োগবিধি সংক্রান্ত জটিলতার কারণে নিয়োগ দেয়া যাচ্ছে না যে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত নিয়ে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করা;
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পুল ভিত্তিক নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য মতামত গ্রহণের বিষয়ে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা;
- কারা অধিদপ্তরের নিয়োগবিধি দ্রুত এ বিভাগে প্রেরণ করা এবং এ বিভাগ কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা;
- যে সকল পদে নিয়োগের জন্য ইতোমধ্যে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে সে সকল পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে অপেক্ষমান তালিকা/প্যানেল প্রস্তুত করে নবনির্মিত ফায়ার স্টেশনসমূহ দ্রুত চালুর লক্ষ্যে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রদানের অনুমতি চেয়ে যৌক্তিকতাসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা, এ ক্ষেত্রে অতিরিক্ত সচিব(অগ্নি) কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে সম্মতি প্রাপ্তির বিষয়টি ত্বরান্বিত করা;
- সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক অধিদপ্তরের শূন্য পদসমূহ পুরণে গৃহীত কার্যক্রম ফলোআপ করা;
- ডেপুটি জেলার এর শূন্য পদ পূরণের জন্য পিএসসি হতে উপযুক্ত কর্মকর্তা মনোনয়ন কার্যক্রম ত্বরান্বিতকরণে জনাব শিরীন রুবি, উপসচিব(কারা) কর্তৃক পিএসসিতে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখা এবং অগ্রগতি সভায় উপস্থাপন করা;

বাস্তবায়নে: অনুবিভাগ প্রধান(সকল)/অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব(কারা)।

| | | |
|---|---|---|
| ২.৫ | অডিটঃ<br>• **বহিরাগমন ওপাসপোর্ট অধিদপ্তর:**মোট আপত্তি-৪৭টি, এ পর্যন্ত নিস্পত্তি-৮টি অবশিষ্ট-৩৯টি।<br>• **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর**-মোট আপত্তি-১৪৬টি, এ পর্যন্ত নিস্পত্তি- ১৩টি অবশিষ্ট-১৩৩টি।<br>• **কারা অধিদপ্তর:**-মোট আপত্তি-৩৪১টি, এ পর্যন্ত নিস্পত্তি-৯০টি অবশিষ্ট-২৫১টি।<br>• **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:** কোন আপত্তি নেই। | • কোন দপ্তর বা সংস্থায় ব্রডশীট জবাব যেন পেন্ডিং না থাকে তা নিশ্চিত করা;<br>• কোন আপত্তির সময়মত বস্তুনিষ্ট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য সথাসময়ে প্রমানকসহ জবাব দেয়া;<br>• অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন আপত্তির পৃথক পৃথক হিসাব সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অনুচ্ছেদ সংখ্যা, অডিট অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তিকৃত অনুচ্ছেদ সংখ্যা ইত্যাদি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;<br>• অধিদপ্তরের ফোকাল কর্মকর্তা কর্তৃক যথাসময়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সকল প্রমাণকসহ কার্যপত্র যথাসময়ে প্রস্তুত নিশ্চিত করা;<br>• আগামী ১(এক) মাসের মধ্যে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অডিট সংক্রান্ত সকল প্রক্রিয়া সম্পন্ন করে অডিট বিষয়ক প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করা;<br>• জনাব এ কে এম মুখলেছুর রহমান, যুগ্মসচিব(বহি-৪) কর্তৃক বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ত্রিপক্ষীয় সভার কার্যপত্র প্রস্তুতপূর্বক অডিট অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করা এবং ত্রিপক্ষীয় সভার তারিখ নির্ধারণ করা;<br>• আগামী এক সপ্তাহের মধ্যে কারা অধিদপ্তরের অর্থাৎ ২০-০৫-১৮ তারিখের মধ্যে অডিট সংক্রান্ত সাধারণ আপত্তির জবাব প্রেরণ করা এবং উপসচিব(কারা) ও ডিআইজি, হেডকোয়ার্টার, কারা অধিদপ্তর কর্তৃক ত্রিপক্ষীয় সভার কার্যপত্র প্রস্তুতপূর্বক অডিট অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করা এবং ত্রিপক্ষীয় সভার তারিখ নির্ধারণ করা;<br>• অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তা অধিদপ্তর এবং অডিট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রতিমাসে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করা;<br>• দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অডিট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখা;<br>• এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উপসচিব(বাজেট-২) অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় নির্ধারিত "ছকে" উপস্থাপন করা।<br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তর প্রধান/অতিরিক্ত সচিব (বহিরাগমন)/উপসচিব(বাজেট-২) ফোকাল কর্মকর্তা। |
| ২.৬ | পেনশনঃ | |
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিবারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ০৩টি অনিষ্পন্ন পেনশন | • পেনশন কেইস দুততার সাথে নিষ্পত্তি করা;<br>• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পেনশন কেইসসমূহ দুত নিষ্পত্তির লক্ষ্যে পরিচালক(প্রশাসন) কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করা;<br>• পেনশন কেসসমূহ দুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধান করা। |

<table>
<tr><td></td><td>কেইস এর মধ্যে ২৮-০৬-২০১৮ তারিখে ০২টি পেনশন কেইস নিষ্পন্ন করা হয়েছে। অপর পেনশন কেসটি নিষ্পত্তির জন্য ২৩-০৪-২০১৮ তারিখে ১ম ও ২য় স্ত্রীর সাক্ষাৎকার গ্রহণ করা হয়, ২য় স্ত্রীর সন্তানের DNA পরীক্ষার কোর্ট ফি জমা করা হয়েছে DNA রিপোর্ট পাওয়া যায়নি। বর্ণিত কাগজপত্রাদি প্রাপ্তি সাপেক্ষে পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তি করা হবে।<br>কারা অধিদপ্তরঃ কারা বিভাগে অবসরপ্রাপ্ত কারা তত্বাবধায়ক জনাব শেখ আবদুল অমিক এর কারা উপ-মহাপরিদর্শক পদে ভূতাপেক্ষ পদোন্নতির কারণে ল্যাম্পগ্র্যান্ট ও আনুতোষিক পূনঃ নির্ধারণ করে ৩০-০৪-১৭খ্রিঃ ও ২৭-০৮-১৭ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>• ১৪-০২-১৮ মাধ্যমে চাহিদার প্রেক্ষিতে কারা অধিদপ্তর হতে ২৭-০২-১৮ তারিখে অবসর গ্রহণের প্রজ্ঞাপন, পদোন্নতির বেতন নির্ধারণী ও পেনশন ভাতার বহির ছায়ালিপি পুনরায় সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>• এ বিভাগ হতে ১২-০৪-১৮ তারিখে মতামতের জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td><u>বাস্তবায়নে :</u> অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ</td></tr>
<tr><td>২.৭</td><td colspan="2">পরিদর্শন: (অধিদপ্তরসমূহের উর্দ্ধতন কর্মকর্তাগণ কর্তৃক মাঠপর্যায়ের কার্যক্রম এবং প্রকল্প পরিদর্শন)<br>বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর: মহাপরিচালক কর্তৃক বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট। অতিরিক্ত মহাপরিচালক জনাব সেলিনা বানু কর্তৃক আঞ্চলিক পাসপোর্ট অফিস, নরসিংদী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ) জনাব এ টি এম আবু আসাদ কর্তৃক আঞ্চলিক পাসপোর্ট অফিস, মাগুরা এবং আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর পরিদর্শন করা হয়।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর:- পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ আজিজুল ইসলাম কর্তৃক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, নীলফামারী; অতিরিক্ত পরিচালক জনাব মো: জাফরুল্ল্যাহ কাজল কর্তৃক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,নওগাঁ এবং জয়পুরহাট পরিদর্শন করা হয়; অতিরিক্ত পরিচালক জনাব মোঃ আবুল হোসেন কর্তৃক বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, খুলনা এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,যশোর পরিদর্শন করা হয়; অতিরিক্ত পরিচালক জনাব পরিতোষ কুমার কুন্ডু কর্তৃক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জামালপুর পরিদর্শন করা হয়।<br><br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর:- মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর মানিকগঞ্জ ও সাটুরিয়া ফায়ার স্টেশন পরিদর্শন করেছেন; লেঃ কর্ণেল সিদ্দিক মোহাম্মদ জুলফিকার রহমান, বিএসপি, পিএসসি, ইঞ্জিনিয়ার্স পরিচালক(পঃউঃপ্রঃ) কর্তৃক উখিয়া-কক্সবাজার এর রোহিঙ্গা শরণার্থী ক্যাম্প পরিদর্শন এবং ক্যাম্পের দুর্যোগ বিষয়ক অনুশীলন কার্যক্রম, অগ্নি দুর্ঘটনা সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম ও অগ্নি দুর্ঘটনা প্রতিরোধমূলক পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আন্তর্জাতিক সংস্থা IOM ও UNHCR এর সাথে আলোচনা সভায় অংশগ্রহণ, আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এবং চট্টগ্রামের উপপরিচালকের দপ্তর ও সহকারী পরিচালকের দপ্তর পরিদর্শন করা হয়।<br><br>কারা অধিদপ্তরঃ বিবেচ্য মাসে এ অধিদপ্তরের কোন কর্মকর্তা কর্তৃক কোন স্থাপনা পরিদর্শন করা হয়নি।<br><br>সিদ্ধান্তসমূহ :<br>• প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্প ও অধস্তন দপ্তরসমূহ পরিদর্শন করা;<br>• চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ উর্দ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;<br>• উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন মহাপরিচালক এর মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা;<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ।</td></tr>
</table>

| ২.৮ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** | |
|---|---|---|
| | **বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।<br>**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>**কারা অধিদপ্তরঃ** নির্ধারিত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | • অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ কর্তৃক সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রত নিষ্পত্তি করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

২.৯ **প্রশিক্ষণ** : জুলাই ২০১৭ হতে এপ্রিল ২০১৮ মাস পর্যন্ত অনুষ্ঠিত ইনহাউজ প্রশিক্ষণের বিবরণ:

| বিভাগ/অধিদপ্তরের নাম | কর্মকর্তা/কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা / কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বিবেচ্য মাসে প্রদত্ত প্রশিক্ষণের বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১ম শ্রেণি | ৮৪ | ৪৫৯৫ | ৭৮৪ | ৫৩৭৯ | ৬৪.০০ | 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা; দাপ্তরিক কাজে শিষ্ঠাচার, নৈতিকতা, সেবাধর্মিতা ও টিম ওয়ার্ক(২য় ব্যাচ); Basic of Computer Networking (৩য় ব্যাচ); ১৭তম থেকে ২০তম গ্রেডভূক্ত কর্মচারীদের দায়িত্ব ও কর্তব্য' বিষয়ে প্রশিক্ষণ(১ম ব্যাচ); |
| | ২য় শ্রেণি | ৩১ | ১৩০৫ | ৫৬০ | ১৮৬৫ | ৬০.১৬ | |
| | ৩য় শ্রেণি | ৬৬০ | ১৭৩৩৫ | ১৯২৮ | ১৯২৬৩ | ২৯.২০ | |
| | ৪র্থ শ্রেণি | ৮২ | ৯২০ | ৯৬০ | ১৮৮০ | ২৩.০০ | |

| বিভাগ/ অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা (কমরত) | গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বিবেচ্য মাসে প্রদত্ত প্রশিক্ষণের বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৬ | ০৮ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১ম শ্রেণি | ৯৮ | ৮০২৮ | ৩৮৪ | ৮৪১২ | ৮৫.৮৩ | |
| | ২য় শ্রেণি | ১৪২ | ৮৫১৬ | ১২২৪ | ৯৭৪০ | ৬৮.৫৯ | |
| | ৩য় শ্রেণি | ৬৩৫ | ৯১৭৬ | ৭৬৯৬ | ১৬৮৭২ | ২৬.৫৭ | |
| | ৪র্থ শ্রেণি | ৮০ | ০০ | ১৬৩২ | ১৬৩২ | ২০. ৪০ | -- |

| বিভাগ/অধিদপ্তরের নাম | কর্মকর্তা/কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ ( ন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বিবেচ্য মাসে প্রদত্ত প্রশিক্ষণের বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা | ১ম শ্রেণি | ২৯ | ১৩২৮ | - | ১৩২৮ | ৪৫.৭৯ | কম্পিউটার প্রশিক্ষণ, পদোন্নতি পূর্ব প্রশিক্ষণ, ক্রাশপ্রোগ্রাম, এমএফআর, সিএসএসআর, ফ্লাড রেসকিউ ও অন্যান্য প্রশিক্ষণ কোর্স। |
| | ২য় শ্রেণি | ৩৯৯ | ১৮৮৫০ | - | ১৮৮৫০ | ৪৭.৩৬ | |
| | ৩য় শ্রেণি | ২০২০ | ১১৭৬৩৬ | ১৫৬০ | ১১৯১৯৬ | ৫৯.০৭ | |
| | ৪র্থ শ্রেণি | ৫৪৩২ | ৪৭৯৫৩২ | ৯৫৬৮ | ৪৮৯১০০ | ৯০.১১ | |

| অধিদপ্তর/ সংস্থার নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | গত মাস পর্যন্ত প্রদত্ত প্রশিক্ষণ (জুলাই,/১৭ - এপ্রিল/১৮) পর্যন্ত | বর্তমানে মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) (মে/১৮) | ক্রমপুঞ্জিত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | কর্মকর্তা/ কর্মচারী প্রতি প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | বিবেচ্য মাসে প্রদত্ত প্রশিক্ষণের বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| কারা অধিদপ্তর | ১ম শ্রেণি | ৬১ | ২ | ৬৩ | ৬১ | ৬১ | • অফিস আদালতে সাধারণভাবে ব্যবহৃত শব্দাবলী ;<br>• বিভিন্ন প্রকার বোমা ও সেগুলো নিস্ক্রিয়করণ ধারণা/তল্লাশী।<br>• ইনোভেশন বিষয়ক পরিচিতি;<br>• নৈতিকতা ও সেবা পরায়ণতা;<br>• বন্দিদের পারিবারিক যোগাযোগ নিশ্চিতকরণ। |
| | ২য় শ্রেণি | ৬০ | ২ | ৬২ | ৬০ | ৬০ | • সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্মকর্তার সাথে আচরণ বিধি, জঙ্গীবাদ দমনে সামাজিক জাগরণ/ পারিবারিক মূল্যবোধ, জনসাধারণের সঙ্গে আচরণ, দাপ্তরিক যন্ত্রপাতির ব্যবহার, ব্যক্তিগত ও অফিসিয়াল আচরণ। |
| | ৩য় শ্রেণি | ৫৮ | ৩ | ৬১ | ৫৮ | ৫৮ | • বন্দিদের পারিবারিক যোগাযোগ নিশ্চিতকরণ;<br>• জঙ্গীদের কার্যকলাপ পর্যবেক্ষণ ও আত্মরক্ষা মূলক বিভিন্ন কার্যক্রম /মোবাইল ফোন।<br>• অফিস আদালতে সাধারণভাবে ব্যবহৃত শব্দাবলী;<br>• দাপ্তরিক যন্ত্রপাতির ব্যবহার;<br>• ব্যক্তিগত ও অফিসিয়াল আচরণ। |

সিদ্ধান্তসমূহ :

- কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার নির্ধারিত প্রশিক্ষণ যথাসময়ে সমাপ্ত করা;
- কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ সভায় উপস্থাপন করা;
- Public Address System, রাষ্ট্রাচার/প্রটোকল APA, NIS, GRS ও Innovation বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা;
- বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ নির্ধারিত সময়ে সমাপ্ত করার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম আরো ত্বরান্বিত করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)।

| | | |
|---|---|---|
| ২.১০ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :** | • অধিদপ্তরসমূহের ইনোভেশন এবং উত্তম চর্চাসমূহ সময়ে সময়ে ওয়েবসাইটে আপলোড/আপডেট করা;<br>• জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আপলোড করা;<br>• বড় বড় মন্ত্রণালয়ের অনুসরণে সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ওয়েব সাইট সমৃদ্ধ করা;<br>• এ বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের ওয়েব সাইট নিয়মিত আপলোডের অগ্রগতি সমন্বয় সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: হেলাল মাহমুদ শরীফ, উপসচিব কর্তৃক উপস্থাপন করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/জনাব মো: হেলাল মাহমুদ শরীফ ,উপসচিব(অগ্নি)। |

**২.১১ ক. ই-ফাইলিং :**

- সচিবালয় নির্দেশমালা ২০১৪ যথাযথভাবে অনুসরণপূর্বক ই-ফাইলিং এর জন্য প্রযোজ্য নথির ধরন অনুযায়ী নথি খোলা এবং সে অনুযায়ী নথি উপস্থাপন করা;
- ই-ফাইলিং এর মাধ্যমে পত্র উপস্থাপনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে পত্র জারীর মাধ্যমে নিষ্পত্তি করা;
- ই-ফাইলিং কার্যক্রমে আরো উৎকর্ষতা আনয়নপূর্বক গুণগত মান বৃদ্ধি করা।
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শতকরা হারে প্রদর্শন করা;
- জনাব মোহাম্মদ আবদুল হাই মিল্টন, সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১) কর্তৃক ই-ফাইলিং বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা;

বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান(সকল)/অধিদপ্তর প্রধান(সকল)

**২.১২ ইনোভেশন ও উত্তম চর্চাঃ**

- **ইনোভেশন কার্যক্রমের উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন; ইনোভেশন ও শুদ্ধাচার কার্যক্রমের উপর অধিকতর গুরুত্ব দেয়া এবং দৃশ্যমান উন্নতি সাধন করা;**
- মাসিক সমন্বয় সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক ছকে উপস্থাপন করা;

বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা।

**২.১৩ মামলাঃ**

বিবেচ্য মাসে সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ ছিল।

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | টাইটেলস্যুট-০১<br>পারিবারিক ০১<br>এটি মামলা-০৮টি<br>রিট পিটিশন-১৪৪টি | বিচারাধীন |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-০৩টি<br>এএটি মামলা-০৪টি<br>রিট পিটিশন-৪৪টি | বিচারাধীন |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-০২টি<br>রিট পিটিশন-৩৫টি<br>লিভ টু আপীল-০২টি | বিচারাধীন |
| কারা অধিদপ্তর | এটি মামলা-৪৩টি<br>এএটি মামলা-২৭টি<br>রিট মামলা-১৪টি<br>লিভ টু আপীল-০৮টি | বিচারাধীন |

- প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এর মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা পরবর্তী সভা থেকে আলাদা কলামে উল্লেখ করা;
- বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তার পাশাপাশি ০৫(পাঁচ) জনকে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য ০২ (দুই) জনকে এবং কারা অধিদপ্তরের জন্য ০৫(পাঁচ) জনকে বেসরকারি আইনজীবী হিসেবে নিয়োগ করার জন্য অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদনপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণের সাথে দ্রুত চুক্তি সম্পাদনের কার্যক্রম সম্পন্ন করা;
- মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গুরুত্বপূর্ণ মামলাসমূহ পরিচালনার জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে অনুমোদনপ্রাপ্ত ০৫(পাঁচ) জনের মধ্যে অবশিষ্ট ০৩(তিন) জনের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা;
- আদালতে যেন সরকারি স্বার্থ রক্ষা হয় যে জন্য সকল অধিদপ্তরে আপিল নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ করা;
- বেসরকারিভাবে নিয়োগপ্রাপ্ত আইনজীবীদের মামলার দায়িত্ব প্রদান করা;
- মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;
- মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি উপস্থাপন করা;
- শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা;
- প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা;

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ।

| | | |
|---|---|---|
| ২.১৪ | বিবিধ : | |
| | **১৪.১ ভিডিও কনফারেন্স** | ১৪.১ প্রত্যেক মাসে একাধিক ভিডিও কনফারেন্স এর আয়োজন করা।<br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান। |
| | ১৪.২ E-filing, Innovation, NIS, GRS ও APA বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | ১৪.২ প্রতি সপ্তাহে অধিদপ্তর প্রধানগণ কর্তৃক অধিনস্ত কর্মকর্তাগণের সাথে E-filing, Innovation, NIS, GRS ও APA এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা এবং অগ্রগতি প্রতিবেদন "ছক" আকারে এ বিভাগে প্রেরণ করা।<br><br>বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)। |

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।